

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(প্রশাসন শাখা)  
www.supremecourt.gov.bd



বিজ্ঞপ্তি নং- ২৩২


এ,

বিজ্ঞপ্তি

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ  
৩০ মে ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ১৮ (আঠার) জন মাননীয় অতিরিক্ত বিচারক এর বিচারক হিসেবে শপথ গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি বাংলাদেশের সংবিধানের ৯৫ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের ২৯ মে ২০২০ খ্রিস্টাব্দ, ১৫ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দের ১০.০০.০০০০.১২৮.১১.০০১.১৮-১৭৯ নং প্রজ্ঞাপনমূলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ১৮ (আঠার) জন মাননীয় অতিরিক্ত বিচারককে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিচারক হিসেবে নিয়োগ প্রদান করায় ৩০ মে ২০২০ খ্রিস্টাব্দ রোজ শনিবার বিকাল ৩:০০ ঘটিকায় Video-conference - এর মাধ্যমে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি, বিচারপতি জনাব সৈয়দ মাহমুদ হোসেন মহোদয় তাঁদের শপথ পাঠ করান। তবে, উক্ত শপথ পাঠ অনুষ্ঠানে কারিগরী ত্রুটির কারণে শপথ গ্রহণকারী কোনো কোনো মাননীয় বিচারপতির শপথ গ্রহণ স্পষ্টভাবে শ্রুত না হওয়ায় বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় পুনরায় সশরীরে তাঁদের শপথ পাঠ করানোর প্রয়োজনীয়তা অনুভব করেন। তদানুসারে ৩০ মে ২০২০ খ্রিস্টাব্দ রোজ শনিবার রাত ৯:৩০ ঘটিকায় বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতির খাস খামরায় বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি, বিচারপতি জনাব সৈয়দ মাহমুদ হোসেন মহোদয় সশরীরে তাঁদের শপথ পাঠ করান।

  
৩০.০৫.২০২০  
(মোঃ আলী আকবর)  
রেজিস্ট্রার জেনারেল  
ফোনঃ ৯৫৬২৭৮৫  
ই-মেইল: rg@supremecourt.gov.bd